রেজিস্ট্রারের কার্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০০৪

০৩ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ: ১৭ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ
২১ রজব, ১৪৪১ হিজরি

বরাবর
সম্পাদক
সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া
দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।
বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## সংবাদ বিজ্ঞপ্তি

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধা নিবেদন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ধানমন্ডি ৩২ এ জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। এসময় উপাচার্য মহোদয়ের সাথে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, রেজিস্ট্রার জনাব এ. এস. মাহমুদসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পরে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে পবিত্র কুরআন খতম, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল, কেক কাটার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ বলেন, আজকের দিনটি সমগ্র জাতির জন্য একটি খুশির দিন। এ দিনটি অত্যন্ত জাঁকজমকভাবে উদযাপন করার পরিকল্পনা ছিল। কিন্তু করোনা ভাইরাসের কারণে আমাদের কর্মসূচী সংক্ষিপ্ত করা হয়েছে। তবে বছরব্যাপী "জন্মশতবার্ষিকী" আমরা পর্যায়ক্রমে বহুকর্মসূচী বাস্তবায়ন করবো। বঙ্গবন্ধুর জন্ম হয়েছিল বলেই বাংলাদেশের জন্ম হয়েছে। তাই বঙ্গবন্ধু আজ জাতির পিতা। জাতির পিতার প্রত্যেকটি দিক আমাদের জন্য আদর্শ ও অনুসরনীয়। এটা কোন নির্দিষ্ট সময় বা নির্দিষ্ট প্রজন্মের জন্য নয় বরং সর্বকালের সর্ব প্রজন্মের মানুষের জন্য আদর্শ ও অনুসরনীয়। তাঁর বীরত্ব, কষ্ঠ স্বীকারের মানসিকতা, নিঃস্বার্থ মনোভাব, ক্ষমা করার উদারতা, মানুষের প্রতি ভালবাসা, জ্ঞান ও চিন্তা ধারা, রাজনৈতিক প্রজ্ঞা এ সবই সকলের নিকট আলোচনার বিষয় ও অনুসরনীয়। আমাদের সৌভাগ্য যে তাঁরই সুযোগ্য কন্যা বিশ্ব নন্দিত নেত্রী শেখ হাসিনাকে আমরা প্রধানমন্ত্রী হিসেবে পেয়েছি। তিনি পিতার দেখানো পথে এগিয়ে চলছেন নির্ভিক চিত্তে। তাঁরই নের্তৃত্বে বাংলাদেশ সর্বদিকে উন্নতির দিকে এগিয়ে চলেছে। মাদরাসা শিক্ষা তথা ইসলামি শিক্ষা ব্যবস্থাই ছিল জাতির পিতার ভীষণ আগ্রহ। তাঁরই ফলশ্রুতিতে প্রতিষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা আধুনিকীকরণের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব এ. এস. মাহমুদ। এসময় আরো উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ রেজাউল করিম, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সিরাজ উদ্দিন আহ্মাদ, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। পরে বঙ্গবন্ধুসহ ১৫'ই আগস্টের শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্য ও উত্তর বাড্ডা ইসলামিয়া কামিল মাদরাসার মোহাদ্দিস মাওলানা বদিউল আলম সরকার।

17.03.2020

(এ. এস. মাহমুদ)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :
১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর